

# পদত্যাগ করলেন খুলনা নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটির ভিসি এনায়েতুল বাবর

খুলনা অফিস



সংগৃহীত ছবি

শিক্ষার্থীদের আন্দোলনের মুখে পদত্যাগ করলেন  
আওয়ামী লবিংয়ে নিয়োগপ্রাপ্ত খুলনা নর্থ ওয়েস্টার্ন  
ইউনিভার্সিটির উপাচার্য (ভিসি) অধ্যাপক ড. শেখ  
মো. এনায়েতুল বাবর।

এর আগে একাধিকবার শিক্ষার্থীদের পক্ষ থেকে  
সরকারের বিভিন্ন মহলে তার বিরুদ্ধে লিখিত  
অভিযোগ দেওয়ার পরও কোন ফল হয়নি।  
সর্বশেষ গত বৃহস্পতিবার শিক্ষার্থীরা এক দফার  
আন্দোলন শুরু করে ভিসি ও রেজিস্ট্রারের দপ্তরে  
তালাবদ্ধ করে দেওয়াসহ তাদেরকে ক্যাম্পাসে  
অবাস্থিত ঘোষণা করে।

এরপর শনিবার (২১ জুন) শিক্ষা মন্ত্রণালয়ের  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব  
বরাবর পদত্যাগপত্র পাঠান ভিসি।

আন্দোলনরত শিক্ষার্থী তাশিক জানান, এখন  
থেকে অধ্যাপক ড. শেখ মো. এনায়েতুল বাবর  
আর নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটির ভিসি নেই। তবে  
ভিসির ব্যবহৃত মোবাইলে একাধিকবার রিং  
দেওয়া হলেও সেটি বন্ধ পাওয়া যায়। সামাজিক  
মাধ্যম থেকে তার স্বাক্ষরিত একটি পদত্যাগপত্র  
পাওয়া যায়। অর্থাৎ ভিসির পদত্যাগের পর এখন  
খুলনার বেসরকারি এই বিশ্ববিদ্যালয়টিও  
অভিভাবক শূন্য হয়ে পড়ল।